



ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের কর্মসূচিতে অংশ নিয়েছেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

চীন সফরের তৃতীয় দিনে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) সামার দাভোসের বিভিন্ন কর্মসূচিতে অংশ নিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। স্থানীয় সময় বুধবার (২৪ জুন) দালিয়ানে অনুষ্ঠিত ফোরামে তার বক্তব্য দেওয়ার সম্ভাবনা রয়েছে।

সামার দাভোস ফোরামের আনুষ্ঠানিক কার্যক্রম শেষে প্রধানমন্ত্রী বুলেট ট্রেনে বেইজিংয়ে যাওয়ার কথা রয়েছে। সেখানে তিনি একাধিক সরকারি ও কূটনৈতিক কর্মসূচিতে অংশ নেবেন। সফরকালে চীনের বিভিন্ন পর্যায়ের মন্ত্রী, নীতিনির্ধারক এবং বহুজাতিক কোম্পানির শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে বৈঠকের পরিকল্পনা রয়েছে। পাশাপাশি চীনের রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সঙ্গেও পৃথক বৈঠক অনুষ্ঠিত হতে পারে।

সংশ্লিষ্ট সূত্রগুলো জানিয়েছে, আসন্ন বৈঠকগুলোতে অবকাঠামো, বিনিয়োগ, বাণিজ্য ও উন্নয়ন সহযোগিতাসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হবে। এ সময় অন্তত ১৭টি সমঝোতা স্মারক সই হওয়ার সম্ভাবনা রয়েছে।

এছাড়া তিস্তা ও পদ্মা ব্যারেজ প্রকল্প চীনের অর্থায়ন ও কারিগরি সহযোগিতার বিষয়টি গুরুত্ব পেতে পারে। দ্বিতীয় পদ্মা সেতু নির্মাণ নিয়েও আলোচনা হওয়ার সম্ভাবনা রয়েছে।

অন্যদিকে, প্রতিরক্ষা সহযোগিতার অংশ হিসেবে চীন থেকে যুদ্ধবিমান ক্রয়সংক্রান্ত বিষয়েও অগ্রগতি হতে পারে বলে সংশ্লিষ্ট মহলে আলোচনা রয়েছে।